



শিলিগুড়ি পৌর কর্পোরেশন-এর আয়োজনে

বিষয় : বর্তমান পুরবোর্ডের ২ বছর পূর্তি অনুষ্ঠান

মহাশয়/মহাশয়া

আগামী ১৮ মে ১৭, শিলিগুড়ি পৌর কর্পোরেশনের বর্তমান বোর্ডের কার্যকালের ২ বছর পূর্তি হবে। এই উপলক্ষে ঐ দিন বিকেল ৪.৩০ টায় স্থানীয় দীনবন্ধু মঞ্চে এক বিশেষ নাগরিক সভা আহ্বান করা হয়েছে। অনেক বাধা ও প্রতিবন্ধকতা এবং সীমাবদ্ধতার মধ্যে বর্তমান পুর বোর্ড উন্নয়ন, পরিষেবা ও প্রশাসনিক বিষয়ে এবং গণতন্ত্রীকরণ, বিকেন্দ্রীকরণ ও স্বচ্ছতার ক্ষেত্রে যে সাফল্য অর্জন করেছে, সে সমস্ত বিষয়ে এবং শিলিগুড়ির ভবিষ্যৎ উন্নয়নের রূপরেখা নিয়ে আলোচনা হবে এই সভায়।

এই বিশেষ সভায় সাংসদ, বিধায়ক, সভাপতি সহ সমস্ত স্তরের জনপ্রতিনিধি ও বিশিষ্ট ব্যক্তিত্বকেও উপস্থিত থাকবার জন্য আমন্ত্রণ জানান হয়েছে। এই নাগরিক সভায় শিলিগুড়ির সর্বস্তরের নাগরিকদের উপস্থিতির আমন্ত্রণ জানাই। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন শিলিগুড়ির মাননীয় মেয়র তথা বিধায়ক শ্রী অশোক ভট্টাচার্য। সভায় সাংস্কৃতিক কর্মসূচীও থাকবে।

আপনার উপস্থিতি কাম্য।

বিনীত —

শ্রী রামভাজন মাহাতো
ডেপুটি মেয়র, শিলিগুড়ি পৌর কর্পোরেশন

স্বচ্ছ আমি, স্বচ্ছ তুমি, স্বচ্ছ শিলিগুড়ি